ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
******

স-২৩৭৩
খোয়াই, ১৪ আগস্ট, ২০২৫

**খোয়াইয়ে বসে আঁকো প্রতিযোগিতা**

খোয়াই জেলা প্রশাসনের উদ্যোগে এবং জেলা সমাজকল্যাণ ও সমাজশিক্ষা দপ্তরের সহযোগিতায় খোয়াই সরকারি উচ্চ মাধ্যমিক বিদ্যাজ্যোতি বিদ্যালয়ে আজ বসে আঁকো প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়। স্বাধীনতা দিবস উদযাপন এবং হর ঘর তিরঙ্গা কর্মসূচির অঙ্গ হিসেবে আয়োজিত এ অনুষ্ঠানে উপস্থিত ছিলেন খোয়াই জেলা শিক্ষা দপ্তরের ওএসডি ঋষিকেশ দেববর্মা, খোয়াই পুর পরিষদ এলাকার সমাজকল্যাণ ও সমাজশিক্ষা কার্যালয়ের সিডিপিও হরিধন সরকার প্রমুখ। এই বসে আঁকো প্রতিযোগিতায় খোয়াই জেলার বিভিন্ন বিদ্যালয়ের প্রায় ৩০০ জন ছাত্রছাত্রী অংশগ্রহণ করে। প্রতিযোগিতায় বিজয়ীদের আগামী ১৫ আগস্ট সন্ধ্যায় পুরস্কৃত করা হবে।

******